# অর্ধশতাধিক কর্মীর পাওনা বাকি রেখে পত্রিকা বন্ধ করল মেঘনা গ্রুপ




ছবি: সংগৃহীত

মেঘনা গ্রুপের আর্থিক সহায়তায় পরিচালিত সংবাদপত্র নাগরিক প্রতিদিন-এর অফিস ও অর্থায়ন বন্ধ করে দেওয়া হয়েছে। ৩১ আগস্ট ২০২৬ থেকে পত্রিকাটির সব ধরনের কার্যক্রম বন্ধের ঘোষণা দিয়েছে মেঘনা গ্রুপ। তবে কার্যক্রম বন্ধের আগে অর্ধশতাধিক কর্মীর বকেয়া পাওনা পরিশোধ করা হয়নি বলে জানা গেছে।

এ বিষয়ে পত্রিকাটির ভারপ্রাপ্ত সম্পাদক মোস্তাফিজুর রহমান টিটো বলেন, অফিস ও অর্থায়ন বন্ধ হলেও প্রকাশনার লাইসেন্স এখনো তাঁর নামেই রয়েছে। তিনি বলেন, মেঘনা গ্রুপ চাইলে এই লাইসেন্স বাতিল করতে পারবে না।

অন্যদিকে, মেঘনা গ্রুপ জানিয়েছে, প্রতিষ্ঠানের আর্থিক, প্রশাসনিক ও পরিচালনাগত পরিস্থিতির কারণে নাগরিক প্রতিদিন-এর কার্যক্রম বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ঘোষণা অনুযায়ী, ৩১ আগস্ট থেকে পত্রিকাটির সব কার্যক্রম বন্ধ রয়েছে।

LENS ASIA